

দিনাজপুর বোর্ডে ১৬ স্কুলে কেউ পাশ করেনি

স্টাফ রিপোর্টার, দিনাজপুর ৥ দিনাজপুর শিক্ষা বোর্ডের অধীনে অনুষ্ঠিত ২০১৫ সালের জেএসসি পরীক্ষায় ১৬টি শিক্ষা প্রতিষ্ঠানের একজনও পাশ করেনি। দিনাজপুর শিক্ষা বোর্ডের পরীক্ষা নিয়ন্ত্রক মোঃ তোফাজ্জুর রহমান জানান, শিক্ষা প্রতিষ্ঠানগুলো হচ্ছে রংপুরের পীরগাছার সরকারপাড়া গার্ল জুনিয়র হাইস্কুল, গাইবান্ধা জেলার সাদুল্লাহপুরের জয়েনপুর আদর্শ জুনিয়র স্কুল, নীলফামারী জেলার সদর উপজেলার উত্তর কানিয়ালখাতা জুনিয়র স্কুল, জলঢাকা উপজেলার বালাগ্রাম জুনিয়র গার্লস স্কুল ও সৈয়দপুর উপজেলার মাধুপুর নয়াহাট জুনিয়র সেকেন্ডারি স্কুল, কুড়িগ্রাম জেলার নাগেশ্বরী উপজেলার বড়মনি জুনিয়র হাই স্কুল, পায়রাদাসা জুনিয়র স্কুল ও জামতলা জুনিয়র গার্লস হাইস্কুল, দিনাজপুর জেলার পূর্বতীপুর উপজেলার সিয়ালকোট জুনিয়র হাইস্কুল, নবাবগঞ্জ উপজেলার মাদুরিয়া মডেল জুনিয়র গার্ল স্কুল ও খানসামা উপজেলার মারগাঁও আদর্শ জুনিয়র স্কুল, ঠাকুরগাঁও জেলার পীরগঞ্জ উপজেলার শহীদ আতিউর রহমান জুনিয়র হাইস্কুল, ঠাকুরগাঁও সদর উপজেলার কালিকাগাঁও সাহাপাড়া জুনিয়র স্কুল ও রানীশংকৈল উপজেলার পরাগপুর জুনিয়র গার্লস স্কুল এবং পঞ্চগড় জেলার বোদা উপজেলার বলরামহাট মডেল জুনিয়র গার্লস স্কুল ও আটোয়ারী উপজেলার চাবরাজহার আদর্শ জুনিয়র স্কুল।